26

দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG 13 1999
পৃষ্ঠা ১৫ কলাম ৬

# ২২শে সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে ছাত্রদলের বিক্ষোভ

**ইত্তেফাক রিপোর্ট ॥** গতকাল (বৃহস্পতিবার) ছাত্রদলের মাসিক সভায় ভারতকে ট্রানজিট প্রদানের দেশবিরোধী চুক্তির প্রতিবাদে আগামী ২২শে সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে বিক্ষোভ মিছিলের কর্মসূচী গৃহীত হইয়াছে। ইহাছাড়া ২৪শে আগষ্ট দেশব্যাপী সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিক্ষোভ সমাবেশে, ৩১শে আগষ্ট প্রত্যেক জেলা সদরে বিক্ষোভ মিছিল, সমাবেশ এবং ৮ই সেপ্টেম্বর ঢাকায় সার্বভৌমত্ব বিরোধী ট্রানজিটের উপর সেমিনারের কর্মসূচী ঘোষণা করা হয়।

দলের কেন্দ্রীয় কার্যালয়ে হাবিবুন নবী সোহেলের সভাপতিত্বে এ মাসিক সভায় প্রধান অতিথি ছিলেন আমান উল্লাহ আমান এমপি। নাসির উদ্দিন পিন্টু, মনোয়ার হোসেন রানা, মোজাফফর হোসেন জাকির প্রমুখ বক্তব্য রাখেন।